


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা -১২১৫।  
Web: [www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলতি “শ্রাবণ মাসে কৃষকভাইদের করণীয়” বিষয়ে একটি লিফলেট এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হল। এ লিফলেটটি মুদ্রণ করে আপনার জেলার/উপজেলার প্রতিটি ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে ব্যাপকভাবে প্রচার করার জন্য নির্দেশনা প্রদান করা হল।

সংযুক্ত : শ্রাবণ মাসে কৃষকভাইদের করণীয়- ১ (এক) পৃষ্ঠা

  
২৫/৭/২০১৬  
(মোঃ হামিদুর রহমান)  
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)  
ফোন : ৯১৪০৮৫০

স্মারক নং- ৭৯১৬ (৫৭৩)

তারিখ : ২৫/৭/২০১৬

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. পরিচালক, সরেজমিন/হাটিকালচার/প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ/উদ্ভিদ সংরক্ষণ/উদ্ভিদ সংগনিরোধ/ক্রপস/পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
২. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৩. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা/যশোর/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর/বগুড়া/দিনাজপুর/ ময়মনসিংহ/কুমিল্লা/ সিলেট/চট্টগ্রাম/ফরিপুর/রাঙ্গামাটি অঞ্চল।
৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..... জেলা সকল।
৫. উপজেলা কৃষি অফিসার, .....সকল।
৬. অফিস নথি।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## শ্রাবণ মাসে কৃষকভাইদের করণীয়

- ◆ এ মাসে পাট কাটা শুরু হয়, একারণে পাট পঁচানোর উপযুক্ত সময় এ মাস। পানির স্বল্পতা থাকলে রিবন রেটিং পদ্ধতি অনুসরণ পূর্বক পাটের আশ ছাড়ানো ও পঁচানোর ব্যবস্থা নেয়া যেতে পারে।
- ◆ নাবি রোপা আমনের পরিবর্তে যথাসম্ভব আগাম রোপা আমনের চাষ (বিনাধান৭, ব্রিধান৩৩, ব্রিধান৩৯, ব্রিধান৫৭, ব্রিধান৬২) করা দরকার যাতে কার্তিক-অগ্রহায়ণ মাসের মধ্যে ফসল কেটে নেয়া যায়। এর ফলে যথাসময়ে রবি ফসলের আবাদ শুরু করা সম্ভব হবে।
- ◆ প্রয়োজনে জমির এক কোনে গর্ত কেটে পানি সংরক্ষণ করতে হবে এবং বর্ষা পরবর্তিতে সম্পূর্ণক সেচের ব্যবস্থা করতে হবে।
- ◆ বন্যার সময় শুকনা জায়গার অভাবে টব, মাটির চাড়ি, কাঠের বাস্ক, পুরাতন কেরোসিনের টিন, ড্রাম এমনকি পলিথিন ব্যাগে আগাম শীতকালীন সবজির চারা উৎপাদন করার ব্যবস্থা নিতে হবে।
- ◆ বীজ ও অন্যান্য অত্যাবশ্যকীয় কৃষি উপকরণ বন্যামুক্ত স্থানে বা মাচায় বা যে কোন উঁচু স্থানে সংরক্ষণ করতে হবে।
- ◆ বৃষ্টির জন্য গ্রীষ্মকালীন সবজির গোড়ায় পানি জমে থাকলে তা নিষ্কাশনের ব্যবস্থা নিতে হবে এবং গোড়ার মাটি উঁচু করে দিতে হবে।
- ◆ বন্যাপ্রবণ এলাকায় তুলনামূলকভাবে বন্যা সহনশীল ধান যেমন : ব্রিধান৫১, ব্রিধান৫২, বিনাধান১১, বিনাধান১২ ইত্যাদি চাষ করতে হবে।
- ◆ বন্যায় আগাম আমন ক্ষেত নষ্ট হওয়ার সম্ভাবনা থাকলে উঁচু স্থানে বীজতলায় চারা তৈরি করে তা আপদকালীন সময়ে ব্যবহার করার ব্যবস্থা রাখুন।
- ◆ জমির আইলে আগাম সীম আবাদ করে বাড়তি আয়ের ব্যবস্থা করুন।
- ◆ বন্যা প্রবণ এলাকায় (বৃহত্তর সিলেট, কিশোরগঞ্জ, নেত্রকোনা, হাওড় ও বৃহত্তর ফরিদপুর ও বরিশাল অঞ্চলে) পানি নামতে দেরি হলে কচুরিপানার স্তপে ভাসমান বীজতলায় বিভিন্ন সবজি চারা তৈরি ও উপযোগী স্বল্পমেয়াদি সবজি আবাদ ব্যবস্থা নিন।
- ◆ এ মাসের শেষে উপযোগী স্থানে বিনা চাষে মাসকলাই/মুগ চাষ ব্যবস্থা নিন।
- ◆ যে সব ফল গাছের ফল আহরণ শেষ হয়েছে সেগুলোর অপ্রয়োজনীয় ডাল ও ফলের বোটর পরিত্যক্ত অংশ ছাঁটাই করুন।
- ◆ বর্ষার পানি জমে জমিতে ফসল হানির সম্ভাবনা থাকলে পানি নিষ্কাশনের সুব্যবস্থা রাখুন।
- ◆ বন্যায় ক্ষতির আশঙ্কা বিবেচনায় নিয়ে আগাম প্রস্তুতি হিসেবে এ মাসের শেষ সপ্তাহে নাবী জাতের বিআর২২, বিআর২৩, ব্রিধান৩৮, ব্রিধান৪৬, বিনাশাইল, নাইজারশাইল জাতের আমন ধানের বীজতলা তৈরি করুন।
- ◆ শ্রাবণ মাস তুলা বীজ বোনার উপযুক্ত সময়। তুলা চাষের জন্য উপযোগী এলাকার কৃষক ভাইয়েরা এ মাসে তুলা বীজ বপন করতে পারেন।
- ◆ ফলদ ও ঔষধি বৃক্ষ রোপন এবং পরিচর্যার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

দেশের এলাকা ভেদে প্রযোজ্য করণীয় বিষয়গুলো বাছাই করে অনুসরণ করতে হবে।

এ বিষয়ে বিস্তারিতভাবে জানতে ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এবং উপজেলা পর্যায়ের কৃষি অফিসারগণের পরামর্শ গ্রহণ ও অনুসরণ করার জন্য অনুরোধ জানানো হল।



প্রচারে : কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা